তারিখ 04 APR 2016
পৃষ্ঠা ৭ ... কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

# চট্টগ্রাম প্রিমিয়ার ভার্সিটি খুলে দেয়া হচ্ছে আজ

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রামে প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের দুই পক্ষের মারামারিতে এক শিক্ষার্থী নিহত হওয়ার ঘটনার জের ধরে শিক্ষার্থীদের বেপরোয়া ভাংচুরে প্রতিষ্ঠানের ৩টি ক্যাম্পাসে আনুমানিক এক কোটি টাকারও বেশি ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। এ ঘটনায় গঠিত কমিটি এ ক্ষয়ক্ষতি নিরূপণ করে প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনে নগরীর ওয়াসার মোড় বিবিএ ক্যাম্পাসে ভাংচুরে প্রায় ৮০ লাখ টাকা এবং প্রবর্তক মোড় ক্যাম্পাসে ২৫ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি করা হয়।

এদিকে সোহেল নিহতের তিন দিন পার হলেও এখন পর্যন্ত প্রকৃত খুনীদের কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। বিশ্ববিদ্যালয়ের সিসি ক্যামেরার ভিডিও ফুটেজে তিন শিক্ষার্থীর সশস্ত্র অংশগ্রহণ শনাক্ত করা গেলেও তাদের গ্রেফতারে পুলিশ নীরব ভূমিকায় রয়েছে। তবে সোহেলের সহপাঠী ও নগর ছাত্রলীগ নেতাকর্মীরা প্রকৃত খুনীদের গ্রেফতারের দাবিতে বিক্ষোভ মিছিলসহ বিভিন্ন কর্মসূচী পালন করে আসছে। রবিবারও তারা নগরীর বিভিন্ন মোড়ে বিক্ষোভ সমাবেশের আয়োজন করে।

অপরদিকে এ পরিস্থিতির মধ্যে ক্যাম্পাস খুলে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। রবিবার সংবাদমাধ্যমে বিজ্ঞপ্তি পাঠিয়ে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু করার ঘোষণা দেন। আজ সোমবার বিবিএ অনুষদ ছাড়া বাকি সকল অনুষদে ক্লাস শুরু হচ্ছে। তবে পরীক্ষা গ্রহণ করার বিষয়ে এখন পর্যন্ত কোন সিদ্ধান্ত নেয়া হয়নি।